



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০৫.০০৭.২০০১- ৫৮

তারিখঃ ২০ জুলাই, ২০১৮ খ্রিঃ।

জনাব আজমল হোসেন খান  
পিতা মৃত আলী আজহার হোসেন খান,  
গ্রাম+পো: কটিয়াদী, উপজেলা কটিয়াদী,  
জেলা: কিশোরগঞ্জ।

বিষয়ঃ কিশোরগঞ্জ অঞ্চলের কটিয়াদীস্থ ৪০০ মেঃ টন সার গুদাম ও স্থাপনাটির ভাড়া চুক্তি সম্পাদন এবং বকেয়া ভাড়া পরিশোধ না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ অঞ্চলের কটিয়াদীস্থ ৪০০ মেঃ টন সার গুদাম ও অন্যান্য স্থাপনাদি ০১/০১/২০০৭ তারিখ হতে আপনার নিকট ভাড়া প্রদান করা হয়। পরবর্তীতে আপনার অনুকূলে ০১/০১/২০১৬ হতে ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষ অনুমোদন এবং ০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০১৮ তারিখ পর্যন্ত সময়ের জন্য ভাড়া চুক্তির অনুমোদন দেয়া হয়। কিন্তু অদ্যাবধি বিএডিসি'র সহিত চুক্তি সম্পাদনে আপনার পক্ষ হতে উদ্যোগ গ্রহণ করা হয়নি অথচ গুদাম ও স্থাপনাদি ব্যবহার করে চলছেন। আপনার নিকট এপ্রিল/২০১৮ হতে জুন/২০১৮ পর্যন্ত ৫৭,৬৩৬/- টাকা বকেয়া ভাড়া বাবদ পাওনা রয়েছে।

০২. এমতাবস্থায়, যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, কিশোরগঞ্জ এর সাথে যোগাযোগ রক্ষাপূর্বক ভাড়া চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণসহ অতি দ্রুততার সহিত সমুদয় বকেয়া পরিশোধে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(আশরাফ হোসেন)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

Email-gm.fert.badc@gmail.com

৫

অনুলিপিঃ

০১. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, কিশোরগঞ্জ (ভাড়াটিয়ার নিকট হতে বকেয়া ভাড়া আদায়ের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

✓ ০৩. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

০৪. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

০৫. অফিস কপি।